


পল্লী প্রগতি কর্মসূচি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.২৪.০৬১.১৮- ৩৬৭

তারিখঃ ২৬/০৭/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ পল্লী প্রগতি কর্মসূচির সুফলভোগীদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী প্রগতি কর্মসূচিটি বিআরডিবি'র মাধ্যমে বাস্তবায়িত একটি দারিদ্র বিমোচনমূলক কর্মসূচি। প্রশিক্ষণ ও প্রশিক্ষণোত্তর সহায়তা এবং অন্যান্য সামাজিক সচেতনতামূলক কার্যক্রমের মাধ্যমে কর্মসূচিটি এর সুফলভোগীদের সহায়তা প্রদান করে আসছে। চলতি ২০১৯-২০ অর্থ বছরে কর্মসূচিভূক্ত সুফলভোগীদের জন্য জেলা/উপজেলা পর্যায়ে ২৫-৩০ জনের ব্যাচে ৪-৫ দিন ব্যাপী অনাবাসিক আয়বর্ধক প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনার জেলায় অথবা জেলাধীন এক বা একাধিক উপজেলায় বাস্তবায়ন সম্ভব এমন অনাবাসিক আয়বর্ধক প্রশিক্ষণের প্রস্তাবনা থাকলে প্রশিক্ষণের বিষয়বস্তু, মডিউল ও সম্ভাব্য বাজেট প্রকল্প সদর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য কোন উপজেলায় প্রশিক্ষণ ব্যাচের সংখ্যা এবং প্রশিক্ষণ বিষয়বস্তু একের অধিক হতে পারে। প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে মহিলাদের এবং প্রশিক্ষণের বিষয়বস্তু নির্বাচনের ক্ষেত্রে সময়পযোগী ও টেকসই প্রযুক্তির ট্রেন্ডের প্রতি অধিক গুরুত্ব প্রদান করতে হবে।


(শামীম মোহাম্মদ কামরুন্না আহসান)
কর্মসূচি পরিচালক (অ:দা:)।

উপপরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

..... জেলা।